# শিশুদের জন্য একক যোগাযোগ কেন্দ্র

শিশুদের জন্য একক যোগাযোগ কেন্দ্র (Children's Single Point of Access, CSPOA) হলো একটি রেফারেল ব্যবস্থা যা নিউ ইয়র্ক সিটির শিশু ও তরুণদের বিভিন্ন মানসিক স্বাস্থ্যসেবার সাথে যুক্ত করে।



যোগ্য হতে হলে, আপনার সন্তানকে অবশ্যই:

- 22 বছরের কম বয়সী হতে হবে
- গুরুতর আবেগজনিত সমস্যা থাকতে হবে। এটি এমন যেকোনো নির্ণীত মানসিক স্বাস্থ্যজনিত অবস্থা, যা তাদের দৈনন্দিন কাজকর্মে প্রভাব ফেলে। এর কয়েকটি উদাহরণ হলো:
  - মনোযোগের ঘাটতি ও অতিসক্রিয়তার ব্যাধি (Attention deficit hyperactivity disorder, ADHD)
  - আঘাতজনিত মানসিক চাপের ব্যাধি (Post-traumatic stress disorder, PTSD)
  - সাধারণ উদ্বেগজনিত ব্যাধি
  - গুরুতর বিষণ্ণতাজনিত ব্যাধি (অবসাদ)

CSPOA আপনাকে যেসব পরিষেবার সাথে সংযুক্ত করতে পারে:

- কমিউনিটি-ভিত্তিক পরিষেবা, যা আপনার বাড়িতে বা আপনার কমিউনিটির অন্য কোনো স্থানে প্রদান করা হয় এবং যা আপনার ও আপনার সন্তানের প্রয়োজন মেটাতে সহায়তা করে
- আবাসিক পরিষেবা, যেখানে শিশুরা থাকতে পারে এবং একই জায়গায় সম্পূর্ণ মানসিক স্বাস্থ্যসেবা পেতে পারে

CSPOA-এর মাধ্যমে যে প্রোগ্রামগুলো পাওয়া যায় সেগুলো সম্পর্কে আরও জানতে এবং কীভাবে আবেদন করতে হয়, তা জানতে, **nyc.gov/youth-mh-referral** দেখুন অথবা QR কোডটি স্ক্যান করুন।

CSPOA সম্পর্কে আরও তথ্যের জন্য, 347-396-7205 নম্বরে কল করুন অথবা **cspoa@health.nyc.gov**-এ ইমেল করুন।

আপনার শিশু যদি কোনো মানসিক স্বাস্থ্য সংকটের মধ্য দিয়ে যায়, তবে যেকোনো সময় **988** নম্বরে কল বা টেক্সট করুন অথবা **nyc.gov/988**-এ চ্যাট করুন। 200টিরও বেশি ভাষায় সহায়তা উপলব্ধ রয়েছে।

NYC Health

5.26 Bengali